চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় (সিভাসু)

চট্টগ্রাম-৪২২৫, বাংলাদেশ

নং-সিভাসু/রেজিঃ/সংস্থাপন/নি.বি.-৫৮৩(পার্ট-১)/২০২৫/২০৯৪ তারিখ: ১০/১১/২০২৬ খ্রি.

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত পদের বিপরীতে উল্লিখিত বেতন স্কেলে শূন্য পদ পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল ২০২৬)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	প্রভাষক (মেডিসিন এন্ড সার্জারী বিভাগ) স্কেল: ৪৪০০০-১০৫৯০০/- (গ্রেড-৯)	০২	মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে উভয় ক্ষেত্রে ৪র্থ বিষয়সহ ন্যূনতম "এ" গ্রেড (৫.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিষ্টেমে জিপিএ ন্যূনতম ৪.০)/প্রথম বিভাগ থাকতে হবে; তৎসহ স্নাতক (সম্মান) পর্যায়ে ন্যূনতম "এ" গ্রেড (৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিষ্টেমে জিপিএ ন্যূনতম ৩.৭৫)/প্রথম শ্রেণী থাকতে হবে। স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থীদের বেলায় স্নাতকোত্তর পর্যায়েও "এ" গ্রেড/প্রথম শ্রেণী থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই পাঠদানে উত্তম হতে হবে।
২.	প্রভাষক (কৃষি সম্প্রসারণ) (এগ্রিকালচারাল ইকনোমিক্স এন্ড সোস্যাল সাইন্স বিভাগের 'সহকারী অধ্যাপক' পদের বিপরীতে) স্কেল: ৪৪০০০-১০৫৯০০/- (গ্রেড-৯)	০১	মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে উভয় ক্ষেত্রে ৪র্থ বিষয়সহ ন্যূনতম "এ" গ্রেড (৫.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিষ্টেমে জিপিএ ন্যূনতম ৪.০)/প্রথম বিভাগ থাকতে হবে; তৎসহ স্নাতক (সম্মান) পর্যায়ে ন্যূনতম "এ" গ্রেড (৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিষ্টেমে জিপিএ ন্যূনতম ৩.৭৫)/প্রথম শ্রেণী থাকতে হবে। স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থীদের বেলায় স্নাতকোত্তর পর্যায়েও "এ" গ্রেড/প্রথম শ্রেণী থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই পাঠদানে উত্তম হতে হবে।
৩.	ভেটেরিনারি সার্জন স্কেল: ৪৪০০০-১০৫৯০০/- (গ্রেড-৯) [ভেটেরিনারি ক্লিনিক্স-১, টিচিং এন্ড ট্রেনিং পেট হসপিটাল এবং রিসার্চ সেন্টার, ঢাকা-১] (পুনঃ বিজ্ঞপ্তি)	০২	মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পর্যায়ে ১ম শ্রেণী/সমতুল্য লেটার গ্রেডসহ চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় হতে ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম)-এ ১ম শ্রেণী/সমতুল্য গ্রেডের অধিকারী হতে হবে <u>অথবা</u> কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে সমপর্যায়ের ডিগ্রিধারী হতে হবে। মেডিসিন এন্ড সার্জারী বিষয়ে এমএস ডিগ্রিধারী ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।

<u>প্রার্থী'র জন্য প্রযোজ্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহ:</u>

১) (ক) নিয়োগ বিজ্ঞপ্তি'তে উল্লিখিত পদে আগ্রহী প্রার্থীকে এ বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরম-এ সকল কাগজপত্র (A4 সাইজ) সম্বলিত পৃথক ৯(নয়) সেট (মোবাইল নম্বর উল্লেখপূর্বক সকল কাগজপত্র সম্বলিত ও স্বহস্তে লিখিত/মুদ্রিত) আবেদনপত্র একটি খামে **আগামী <u>০২/১২/২০২৬</u>** তারিখের মধ্যে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে রেজিস্ট্রার, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-৪২২৫ বরাবরে অফিস চলাকালীন (সকাল ৯:০০ হতে বিকাল ৪:০০ ঘটিকা) সময়ে রেজিস্ট্রার অফিসে পৌছাতে হবে। <u>হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। প্রার্থীত পদের নাম খামের উপরে স্পষ্ট করে উল্লেখ করতে হবে। নির্ধারিত সময়ের (০২/১২/২০২৬) পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।</u>

(খ) গত ০১/০৯/২০২৬ তারিখের নং-সিভাসু/রেজিঃ/প্রশা./নি.বি.-৫৮৩/২০১৯/১৩৫১ সংখ্যক নিয়োগ বিজ্ঞপ্তি মূলে "ভেটেরিনারি সার্জন" পদে ইতোপূর্বে আবেদনকারী প্রার্থীদের পুনঃ আবেদন করার প্রয়োজন নেই।

২) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের জন্য নির্ধারিত 'আবেদনপত্র' (Application Form) এ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(cvasu.ac.bd)** বা রেজিস্ট্রার অফিস হতে সংগ্রহ করা যাবে।

৩) (ক) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে প্রার্থীর বয়সসীমা ৩২ বছর। <u>০২/১২/২০২৬ তারিখ অনুযায়ী প্রার্থী'র বয়সসীমা নির্ধারিত হবে।</u> বয়স নির্ধারণের ক্ষেত্রে কোন হলফনামা (Affidavit) গ্রহণযোগ্য নয়।

(খ) ক্রমিক ৩নং পদে অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

৪) প্রযোজ্য শর্তাদি পূরণ সাপেক্ষে চাকুরীতে নিয়োজিত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫) অভিজ্ঞতা বলতে- পাবলিক বিশ্ববিদ্যালয়ের ১০০% (সর্বোচ্চ ১৫ বছর) এবং সরকারি প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠানের ৫০% (সর্বোচ্চ ৩ বছর) অভিজ্ঞতা উল্লিখিত স্ব-স্ব পদের সাথে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।

৬) নিয়োগ বিজ্ঞপ্তি'তে উল্লিখিত পদসমূহের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয় কর্তৃক ৩০/১২/২০২৪ তারিখের নং-০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৫-৩৬২ মূলে জারিকৃত প্রজ্ঞাপন মোতাবেক নিম্নোক্ত হারে "পরীক্ষা ফি" (অফেরৎযোগ্য) রেজিস্ট্রার, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-এর মূল কপি (জনতা ব্যাংক লিঃ, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম হতে উত্তোলনযোগ্য হতে হবে) আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে।

১০ম গ্রেড/৯ম গ্রেড বা তদূর্ধ্ব	--	২০০/- (দুইশত) টাকা
১১তম এবং ১২তম গ্রেড	--	১৫০/- (একশত পঞ্চাশ) টাকা
১৩তম থেকে ১৬তম গ্রেড	--	১০০/- (একশত) টাকা
১৭তম থেকে ২০তম গ্রেড	--	৫০/- (পঞ্চাশ) টাকা

চলমান (পাতা-২)

৭) আবেদনপত্রে আবেদনকারীর স্বাক্ষরসহ জীবন-বৃত্তান্ত যথা: (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) ধর্ম (ঝ) জাতীয়তা (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং (ঠ) অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) (ড) মোবাইল নম্বর (ঢ) ই-মেইল এড্রেস প্রভৃতি উল্লেখ করতে হবে।

৮) প্রার্থীকে আবেদনের সাথে (ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/সিনিয়র কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদের কপি; (খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/সিনিয়র কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; (ঘ) জাতীয় পরিচয়পত্র/ডিজিটাল জন্মসনদের সত্যায়িত কপি এবং (ঙ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ৬(ছয়) কপি ছবি সংযুক্ত করতে হবে।

৯) (ক) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত "প্রজ্ঞাপন নং: শিম/শা:১১/১৯-১/২০০৭/১৭৪ তারিখ: ০২ মার্চ ২০১০" এবং "প্রজ্ঞাপন নং: শিম/শা:১১/৫-১(অংশ)/৫৮২ তারিখ: ০২ জুন ২০০৯" অনুযায়ী কর্মকর্তা/কর্মচারী পদে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা (শ্রেণী/বিভাগ/সমতুল্য গ্রেড) নির্ধারিত হবে।

(খ) প্রার্থীর কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণী/বিভাগ/সমতুল্য গ্রেড গ্রহণযোগ্য নয় এবং সংশ্লিষ্ট পদে চাহিত যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই।

১০) প্রার্থী উচ্চতর কোর্স/ডিগ্রি/প্রোগ্রামে অধ্যয়নরত থাকলে তা আবেদনে অবশ্যই উল্লেখসহ প্রমাণক সংযুক্ত করতে হবে এবং পরবর্তীতে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হওয়ার পরে অনধিক ৩(তিন) মাসের মধ্যে কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে। কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে উচ্চতর কোর্স/ডিগ্রি/প্রোগ্রামে অধ্যয়ন করলে বা উচ্চতর কোর্স/ডিগ্রি/প্রোগ্রামে অধ্যয়ন বা উচ্চতর কোর্স/ডিগ্রি অর্জনের বিষয়টি আবেদনে উল্লেখ না করলে, উক্ত কোর্স/ডিগ্রি/প্রোগ্রাম/প্রশিক্ষণের জন্য কোন সুবিধা প্রাপ্য হবে না।

১১) ভুয়া তথ্য ও জাল সার্টিফিকেট সম্বলিত আবেদন, ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ, কুরিয়ার সার্ভিস ও ডাক যোগাযোগসহ অন্য কোন কারণে বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদন দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের পর, পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস্ সংযোজনযোগ্য নয়।

১২) আবেদনপত্র গ্রহণ/বাতিলকরণ, শর্তাদির স্পষ্টায়ন, নিয়োগপ্রাপ্তদের কর্মস্থল নির্ধারণ এবং নিয়োগ সংক্রান্ত ব্যাপারে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩) উল্লিখিত পদসমূহে নিয়োগকৃত জনবলের কর্মস্থল হবে- সিভাসু মূল ক্যাম্পাস/হাটহাজারীস্থ রিসার্চ এন্ড ফার্ম বেইজড ক্যাম্পাস/ঢাকাস্থ টিচিং এন্ড ট্রেনিং পেট হসপিটাল ও রিসার্চ সেন্টার/কোস্টাল বায়োডাইভারসিটি, মেরিন ফিশারিজ এন্ড ওয়াইল্ডলাইফ রিসার্চ সেন্টার, কক্সবাজার।

১৪) নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

মীর্জা ফারুক ইমাম
রেজিস্ট্রার
চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

10.11.26
মীর্জা ফারুক ইমাম
রেজিস্ট্রার
চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল
সাইন্সেস বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪২২৫, বাংলাদেশ